গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

কমান্ড্যান্ট (ডিআইজি)

পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর

এবং

ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ মহোদয়ের মধ্যে

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

সময়কালঃ জুলাই ১, ২০২০ খ্রিঃ — জুন ৩০, ২০২১ খ্রিঃ

# সূচিপত্র


| বিষয় | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| উপক্রমণিকা | | ০১ |
| কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | ০২-০৩ |
| সেকশন ১ : | রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য সমূহ, কার্যাবলি | ০৪ |
| সেকশন ২ : | কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৫-০৮ |
| সংযোজনী ১: | শব্দ সংক্ষেপ (Acronyms) | ১০ |
| সংযোজনী ২: | কর্মসম্পাদনের সূচকসমূহ, বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি | ১১ |
| সংযোজনী ৩: | কর্মসম্পাদনের লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা | ১২ |

# উপক্রমণিকা (Preamble)

পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর এর প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে "রূপকল্প ২০২১" এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

কমান্ড্যান্ট (ডিআইজি), পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর

এবং

ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ মহোদয়ের মধ্যে ২০২০ সালের ১৯ জুলাই তারিখ এ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল

এ চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ এতদসঙ্গে সংযুক্ত বিষয়সমূহে সম্মত হলেনঃ

## পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of Police Training Center, Rangpur)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

১.১ **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

- নারী ট্রেইনি রিক্রুট কনস্টবলদের মৌলিক প্রশিক্ষণ কোর্সে ৩টি ব্যাচে মোট ৩৩৭৫ জন।
- নারী এএসআইদের তদন্ত বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ৫টি ব্যাচে মোট ৫১৪ জন।
- নারী কনস্টবল/ নায়েকদের প্রাথমিক তদন্ত বিষয়ক প্রশিক্ষণ কোর্সে ৪টি ব্যাচে মোট ৮৪৬ জন।
- নারী এএসআই/ এসআইদের জুনিয়র লিডারশীপ কোর্সে ১টি ব্যাচে মোট ৪৪ জন।
- নারী ব্যান্ডদল প্রশিক্ষণ কোর্সে ৩টি ব্যাচে মোট ১৩৭ জন।
- নারী বিউগলার প্রশিক্ষণ কোর্সে ৪টি ব্যাচে মোট ৮৭ জন।
- বিভিন্ন পদ মর্যাদার পুলিশ সদস্য ও সিভিল স্টাফদের ORP Software প্রশিক্ষণ কোর্সে ১টি ব্যাচে ১৭ জন।
- পরিচ্ছন্নতা কর্মী/ বাবুর্চিদের পেশাগত দক্ষতা ও ব্যবস্থাপনা কোর্সে ১টি ব্যাচে ১৭ জন।
- United States Department of Justice-এর International Criminal Investigation Training Assistance Program –এর আওতায় পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুরসহ রংপুর রেঞ্জের বিভিন্ন পদ মর্যাদার কর্মকর্তার Basic First Aid Course আয়োজন।
- প্রশিক্ষণার্থীদের আইটি প্রশিক্ষণের জন্য নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ স্থাপন।
- ১৯ টি স্মরণিকা প্রকাশ করা হয়েছে।
- লাইব্রেরির জন্য মোট ১৫০০ টি বই সংগ্রহ করা হয়েছে।
- ৬ তলা ভিত বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ কাজ চলমান।
- ৬ তলা ভিত বিশিষ্ট কম্পিউটার ভবন নির্মাণ কাজ চলমান।
- ৬ তলা ভিত বিশিষ্ট বেবি ডে-কেয়ার সেন্টার নির্মাণ কাজ চলমান।
- ফায়ারিং বাট আধুনিকীকরণ।
- ১০ একর জমি অধিগ্রহণের মাধ্যমে মাটি ভরাট করে প্রশিক্ষণ মাঠ সম্প্রসারণ।
- নতুন সম্প্রসারিত প্রশিক্ষণ মাঠে বিশেষায়িত ট্রেনিং সেন্টার খাগড়াছড়ির অনুরূপ মডেলে অবস্ট্যাকলস্ নির্মাণ কাজ চলমান।
- নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে পূর্বের স্থাপিত ১৫০ KVA বৈদ্যুতিক সাব-স্টেশনের পরিবর্তে ২৫০ KVA সাব-স্টেশনের সম্প্রসারণ কাজ চলমান।

(২) **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

- অপ্রতুল আবাসন, ক্লাসরুম এবং আইটি সুবিধা দিয়ে কর্মকর্তাদের সময়মত মানসম্মত প্রশিক্ষণ প্রদান।
- বিদ্যমান আর্থিক ও প্রাতিষ্ঠানিক সক্ষমতার ভিত্তিতে প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিতকরণ।
- সম্মানী অপ্রতুল হওয়ায় অভিজ্ঞ রিসোর্স পার্সনকে স্পিকার হিসেবে পিটিসিতে আনয়ন।
- শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের জন্য মানসম্মত কারিকুলাম প্রনয়ন।
- শিক্ষা ও গবেষণা মনস্ক কর্মকর্তা-কর্মচারী পিটিসিতে পদায়ন।
- অবকাঠামোগত উন্নয়ন ও পর্যাপ্ত যানবাহন/ পরিবহন সুবিধা নিশ্চিত করা।
- নিজস্ব রিসোর্স পার্সনদের মান উন্নয়ন ও প্রশিক্ষণ পুল তালিকা প্রস্তুত।
- কনস্টবল, এএসআই ও এসআই পদমর্যাদার পুলিশ সদস্যদের জন্য বাধ্যতামূলক প্রশিক্ষণ কোর্স চালুর বিষয়ে প্রশাসনিক সিদ্ধান্ত।
- প্রশিক্ষণ সহায়ক উপকরণ, দুরশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা।
- উর্ধ্বতন কর্মকর্তাদের অবস্থানের জন্য ডরমেটরী ভবন এবং FPU মিশনসহ অন্যান্য প্রশিক্ষণ সুবিধা।
- প্রশিক্ষকদের (পুলিশ পরিদর্শক/এসআই/এএসআই) জন্য ডরমেটরী ভবন।
- মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদানের জন্য পুলিশ হাসপাতাল এবং প্রয়োজনীয় সংখ্যক মেডিকেল অফিসারসহ দক্ষ জনবল।
- পুলিশ হাসপাতালে জরুরী সেবা প্রদানের জন্য প্রয়োজনীয় চিকিৎসা সরঞ্জাম ও যন্ত্রপাতি।
- প্রশিক্ষণ উপযোগী মনোরম ও প্রাণবন্ত পরিবেশ নিশ্চিতকরণে পর্যাপ্ত প্রশিক্ষক, কর্মচারী ও সিভিল স্টাফের পদায়ন।

(৩) **ভবিষ্যৎ পরিকল্পনা**

- পর্যাপ্ত Inhouse Training এর ব্যবস্থা।
- বাধ্যতামূলক প্রশিক্ষণ কোর্স আয়োজন এবং কোন ব্যাচের কর্মকর্তাদের জন্য বাধ্যতামূলক প্রশিক্ষণ আয়োজন করা হবে তা নির্ধারণ।
- পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যেসমূহ এবং সক্ষমতা অর্জনের জন্য অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে প্রণীত মাস্টার প্ল্যান অনুসরণ।
- অবকাঠামো সম্প্রসারণ ও উন্নয়ন।
- প্রণীত মাস্টার প্ল্যান অনুসারে অন্যান্য প্রকল্পের লে-আউট প্রণয়ন ও চূড়ান্তকরণ।
- বিদ্যমান জনবল ও যানবাহন কাঠামো হালনাগাদকরণের জন্য টিওএন্ডই পুলিশ হেডকোয়ার্টার্স কর্তৃক। অনুমোদন ও যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ।
- অবকাঠামোগত সম্প্রসারণ ও উন্নয়নের জন্য গৃহীত প্রকল্পের অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন।
- নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদানের লক্ষ্যে বিকল্প ইন্টারনেট লাইনের ব্যবস্থাকরণ এবং ২০২০-২০২১ অর্থ বছরে ইন্টারনেটের গতি ৩০ এমবিপিএস থেকে ৫০ এমবিপিএস এ উন্নীতকরণ।
- প্রশিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি ও নিয়মিতভাবে সময়োপযোগী মানসম্মত আইটি ভিত্তিক প্রশিক্ষণ প্রদান।
- অফিস অটোমেশনের লক্ষ্যে আইটি অবকাঠামো স্থাপন এবং এর ব্যবহারের মাধ্যমে সকল পর্যায়ের কর্মকর্তাগণকে আইটি ব্যবহারে সক্ষম ও দক্ষ করে গড়ে তোলা।
- প্রশিক্ষকদের সক্ষমতা বৃদ্ধি ও নিয়মিতভাবে সময়োপযোগী মানসম্মত শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কাজে দক্ষ করে গড়ে তোলার জন্য দেশে-বিদেশে প্রশিক্ষণের জন্য প্রেরণ।
- অনুমোদীত দেশীয় পর্যায়ের সমজাতীয় প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষর ও কার্যক্রম পরিচালনা
- একটি অত্যাধুনিক মাল্টিপার্পাস হল রুম নির্মাণ প্রকল্প গ্রহণ।
- কম্পিউটার CDR ও CDMS ট্রেনিং এর উপর গুরুত্ব প্রদান।
- নিজস্ব ওয়েবসাইট তৈরি করে ডিজিটাল বাংলাদেশের অগ্রযাত্রায় সম্পৃক্ত হওয়া।

(৪) **২০২০-২১ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

- নারী ট্রেইনী রিক্রুট কনস্টবল ১৫০০ জনকে মৌলিক প্রশিক্ষণ প্রদান।
- নারী কনস্টবল/ নায়েক ৫০০ জনকে প্রাথমিক তদন্ত বিষয়ক প্রশিক্ষণ কোর্স প্রদান।
- নারী এএসআই ৪০০ জনকে তদন্ত বিষয়ক প্রশিক্ষণ কোর্স প্রদান।
- এএসআই/ এসআই ২টি ব্যাচে ১০০ জনকে জুনিয়র লিডারশীপ কোর্স প্রদান।
- নারী কনস্টবল/ নায়েক ১৫০ জনকে ব্যান্ডদল প্রশিক্ষণ কোর্স প্রদান।
- নারী কনস্টবল/ নায়েক ১৫০ জনকে বিউগলার প্রশিক্ষণ কোর্স প্রদান।
- ৬ তলা ভিত বিশিষ্ট একাডেমিক ভবনের নির্মাণ কাজ সমাপ্তকরণ।
- ৬ তলা ভিত বিশিষ্ট কম্পিউটার ভবনের নির্মাণ কাজ সমাপ্তকরণ।
- ৬ তলা ভিত বিশিষ্ট বেবি ডে-কেয়ার সেন্টারের ভবন নির্মাণ কাজ সমাপ্তকরণ।
- ফায়ারিং বাট আধুনিকায়িতকরণ।
- নতুন সম্প্রসারিত প্রশিক্ষণ মাঠে বিশেষায়িত ট্রেনিং সেন্টার, খাগড়াছড়ির অনুরূপ মডেলে অবস্ট্যাকলস্ নির্মাণ কাজ সম্পন্নকরণ।
- শিক্ষা ও প্রশিক্ষণের মান উন্নয়ণের জন্য ১টি মান সম্মত কারিকুলাম প্রস্তুত ও অনুমোদনের জন্য কার্যক্রম গ্রহণ।
- একটি ল্যাংগুয়েজ ল্যাব স্থাপন।
- লাইব্রেরিতে ৪০০টি নতুন বই সংগ্রহ।
- বার্ষিক প্রতিবেদন ও ম্যাগাজিন প্রকাশ করা।
- ই-ফাইলিং এবং ই প্রকিউরমেন্ট চালুকরণ।
- অবকাঠামো উন্নয়নের জন্য একটি পূর্ণাঙ্গ উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন।
- পিটিসির প্রশিক্ষণার্থী ও স্টাফদের চিকিৎসা সেবা সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে এমআই শাখাকে পূর্ণাঙ্গ হাসপাতালে রূপান্তর।
- একটি প্রাণবন্ত এবং মানসম্মত প্রশিক্ষণ পরিবেশ তৈরি করা।

সেকশন-১

১.২ **রূপকল্প (Vision):**

শান্তি, শৃঙ্খলা-নিরাপত্তা ও প্রগতি নিশ্চিত , উন্নয়নবান্ধব যথোপযোগী পুলিশি ব্যবস্থা গড়ে তোলা এবং পুলিশের পেশাদারিত্ব বৃদ্ধির লক্ষ্যে যথার্থ প্রশিক্ষণ প্রদান।

১.৩ **অভিলক্ষ্য (Mission):**

যুগোপযোগী ও মানসম্মত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ ও জনবান্ধব পুলিশ গড়ে তোলা।

১.৪ **কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

- প্রশিক্ষণার্থীদের সক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি।
- প্রশিক্ষণার্থীদের একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবেলায় প্রস্তুত করণ।
- অবকাঠামোগত উন্নয়ন ও সদস্যদের মনোবল সুদৃঢ়করণ।

১.৫ **কার্যাবলি (Functions)**

- ট্রেইনি রিক্রুট কনস্টবলদের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা।
- নায়েক/ কনস্টবলদের প্রাথমিক তদন্ত বিষয়ক প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা।
- নারী ব্যান্ডদল/ বিউগলার প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা।
- এএসআইদের তদন্ত বিষয়ক প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা।
- এএসআই/ এসআইদের জুনিয়র লিডারশীপ প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা।
- প্রশিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষণার্থীদের সনদপত্র প্রদান।
- পুলিশ ট্রেনিং সেন্টারের লাইব্রেরি সম্প্রসারণ ও পরিচালনা।
- সরকার কর্তৃক নির্দেশিত অন্য যে কোন কার্য সম্পাদন।
- অফিস সরঞ্জামাদি ও অবকাঠামো রক্ষণাবেক্ষণ।
- বিভিন্ন কর্মশালা ও সেমিনার আয়োজনের মাধ্যমে শিক্ষালব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময়ের চর্চা অব্যাহত রাখা।
- নারী পুলিশ ট্রেনিং সেন্টার হিসেবে ঘোষণা ও গড়ে তোলার উদ্যোগ গ্রহণ।

সেকশন-২

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ (৭৫)

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indecator) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ (Target/Criteria Value for FY 2020-21) | | | | | প্রক্ষেপণ (Projcetion) ২০২১-২২ | প্রক্ষেপণ (Projcetion) ২০২২-২৩ | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিচে | | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| ১. প্রশিক্ষণার্থীদের সক্ষমতার উন্নয়ন | ৬০ | ১.১ ট্রেইনি রিক্রুট কনস্টবলদের মৌলিক প্রশিক্ষণ | ১.১.১ ফিজিক্যাল ট্রেনিং (পিটি)<br>১.১.২ প্যারেড প্রশিক্ষণ<br>১.১.৩ অস্ত্র প্রশিক্ষণ<br>১.১.৪ আইন প্রশিক্ষণ<br>১.১.৫ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | সংখ্যা | ৫০.০০ | ২২৬৬ | ১০৫৭ | ১৫০০ | ১৩৫০ | ১২০০ | ১০৫০ | ৯০০ | ১৫০০ | ২০০০ | পিটিসির প্রতিবেদন |
| | | ১.২ কনস্টবল/ নায়েকদের প্রাথমিক তদন্ত বিষয়ক প্রশিক্ষণ | ১.২.১ ফিজিক্যাল ট্রেনিং (পিটি)<br>১.২.২ প্যারেড প্রশিক্ষণ<br>১.২.৩ অস্ত্র প্রশিক্ষণ<br>১.২.৪ আইন প্রশিক্ষণ<br>১.২.৫ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | সংখ্যা | ৫.০০ | ৪৪৭ | ৪৪৬ | ৫০০ | ৪৫০ | ৪০০ | ৩৫০ | ৩০০ | ৫০০ | ৬৫০ | পিটিসির প্রতিবেদন |
| | | ১.৩ এএসআইদের তদন্ত বিষয়ক প্রশিক্ষণ | ১.৩.১ ফিজিক্যাল ট্রেনিং (পিটি)<br>১.৩.২ প্যারেড প্রশিক্ষণ<br>১.৩.৩ অস্ত্র প্রশিক্ষণ<br>১.৩.৪ আইন প্রশিক্ষণ<br>১.৩.৫ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | সংখ্যা | ৫.০০ | ২৯০ | ২৩৪ | ৪০০ | ৩৬০ | ৩২০ | ২৮০ | ২৪০ | ৩০০ | ৪০০ | পিটিসির প্রতিবেদন |
| | | ১.৪ কনস্টবল/ নায়েকদের ব্যান্ডদল বিষয়ক প্রশিক্ষণ | ১.৪.১ ফিজিক্যাল ট্রেনিং (পিটি)<br>১.৪.২ প্যারেড প্রশিক্ষণ<br>১.৪.৩ যন্ত্রের ব্যবহার<br>১.৪.৪ সুর সংক্রান্ত ধারণা<br>১.৪.৫ বাদ্যযন্ত্র বাজানো | সংখ্যা | ৫.০০ | ১০০ | ৫০ | ১৫০ | ১৩৫ | ১২০ | ১০৫ | ৯০ | ২০০ | ৩০০ | পিটিসির প্রতিবেদন |
| | | ১.৫ কনস্টবল/ নায়েকদের বিউগলার বিষয়ক প্রশিক্ষণ | ১.৪.১ ফিজিক্যাল ট্রেনিং (পিটি)<br>১.৪.২ প্যারেড প্রশিক্ষণ<br>১.৪.৩ যন্ত্রের ব্যবহার<br>১.৪.৪ সুর সংক্রান্ত ধারণা<br>১.৪.৫ বাদ্যযন্ত্র বাজানো | সংখ্যা | ৫.০০ | ৪৭ | ২৯ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ | পিটিসির প্রতিবেদন |
| | | ১.৬ এএসআই/ এসআইদের জুনিয়র লিডারশীপ প্রশিক্ষণ | ১.৬.১ ফিজিক্যাল ট্রেনিং (পিটি)<br>১.৬.২ প্যারেড প্রশিক্ষণ<br>১.৬.৩ অস্ত্র প্রশিক্ষণ<br>১.৬.৪ আইন প্রশিক্ষণ<br>১.৬.৫ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ | সংখ্যা | ৫.০০ | ৪৪ | ৪৪ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ২০০ | ৩০০ | পিটিসির প্রতিবেদন |

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | ১.৭ পুলিশ সদস্য ও সিভিল স্টাফদের ORP Software প্রশিক্ষণ | ১.৭.১ সফটওয়ার সংক্রান্ত মৌলিক ধারণা<br>১.৭.২ ওআরপি সফটওয়ারের ব্যবহার বিধি<br>১.৭.৩ সফটওয়ারের মাধ্যমে রিপোর্ট তৈরি | সংখ্যা | ৩.০০ | - | ১৭ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৫০ | ৭৫ | পিটিসির প্রতিবেদন |
| | | ১.৮ সিভিল স্টাফদের পেশাগত দক্ষতা ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ | ১.৮.১ পেশাগত দক্ষতা বৃদ্ধি ও ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ অবহিতকরণ<br>১.৮.২ সরকারী চাকুরী বিধিমালা সম্পর্কে অবহিতকরণ | সংখ্যা | ২.০০ | - | ১৭ | ৪০ | ৩৬ | ৩২ | ২৮ | ২৪ | ৫০ | ৭৫ | পিটিসির প্রতিবেদন |
| ২. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ১৫ | ২.১ অবকাঠামোগত উন্নয়ন | ২.১.১ নতুন সম্প্রসারিত প্রশিক্ষণ মাঠে অবস্ট্যাকলস্ নির্মাণ | % | ৩ | - | ১০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৩০% | ১০০% | ১০০% | পিটিসির প্রতিবেদন |
| | | | ২.১.২ কম্পিউটার ল্যাব ভবন নির্মাণ | % | ৩ | ৫০% | ৮০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৩০% | ১০০% | ১০০% | পিটিসির প্রতিবেদন |
| | | | ২.১.৩ একাডেমিক ভবন নির্মাণ | % | ৩ | ৫০% | ৮০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৩০% | ১০০% | ১০০% | পিটিসির প্রতিবেদন |
| | | | ২.১.৪ বেবি ডে-কেয়ার সেন্টার নির্মাণ | % | ৩ | ২০% | ৪০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৩০% | ১০০% | ১০০% | পিটিসির প্রতিবেদন |
| | | | ২.১.৫ বৈদ্যুতিক সাব-স্টেশন সম্প্রসারণ | % | ৩ | - | ৩০% | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৩০% | ১০০% | ১০০% | পিটিসির প্রতিবেদন |

# মাঠ পর্যায়ের আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ২০২০-২০২১

## মোট নম্বর-২৫

## পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | লক্ষ্যমাত্রার মান ২০২০-২০২১ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতিমান (Fair) | চলতি মানের নিচে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| (১) দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১১ | ১.১বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ১.১.১ এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | | ১.১.২ এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সংখ্যা | ১ | ১২ | ১১ | ১০ | ৯ | - |
| | | ১.২ শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | ১.২.১ মতবিনিময় সভা অনুষ্ঠিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ১.৩ অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা/ অংশীজনদের অবহিতকরণ | ১.৩.১ অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ১.৪ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | ১.৪.১ অবহিতকরণ সভা আয়োজিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | ২ | - | - |
| | | ১.৫ তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | ১.৫.১ ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ২ | ৪ | ৩ | - | - | - |

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| (২) কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৮ | ২.১ ই-নথি বাস্তবায়ন | ২.১.১ ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | % | ২ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | - |
| | | ২.২ উদ্ভাবনী /ক্ষুদ্র উন্নয়ন উদ্যোগ বাস্তবায়ন | ২.২.১ নূনতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ২ | ১৫ ফেব্রুয়ারী | ১৫ মার্চ | ১৫ এপ্রিল | ১৫ মে | - |
| | | ২.৩ কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | ২.৩.১ প্রত্যেক কর্মচারীর জন্য প্রশিক্ষণ আয়োজিত | জনঘন্টা | ২ | ৪০ | ৩০ | ২০ | ১০ | - |
| | | | ২.৩.২ ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | জনঘন্টা | ১ | ৫ | ৪ | - | - | - |
| | | ২.৪ এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | ২.৪.১ ন্যূন্যতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সংখ্যা | ১ | ১ | - | - | - | - |
| (৩) আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | ৩.১ বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | ৩.১.১ ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | ৩.২ বার্ষিক উন্নয়ন কর্মসূচি(এডিপি)/বাজেট বাস্তবায়ন | ৩.২.১ বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/ বাজেট বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | ৩.৩ অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ৩.৩.১ অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ২ | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | - |
| | | ৩.৪ হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরণ | ৩.৪.১ হালনাগাদকৃত স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা উর্ধ্বতন অফিসে প্রেরিত | তারিখ | ১ | ১৫ ডিসেম্বর | ১৪ জানুয়ারী | ১৫ ফেব্রুয়ারী | - | - |

আমি কুসুম দেওয়ান, কমান্ড্যান্ট (ডিআইজি), পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর, ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকবো।

আমি ড. বেনজীর আহমেদ, বিপিএম (বার), ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ হিসেবে কমান্ড্যান্ট (ডিআইজি), পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবো।

স্বাক্ষরিতঃ

কুসুম দেওয়ান
কমান্ড্যান্ট (ডিআইজি)
পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুর

১৭.০৭.২০২০
তারিখ

ড. বেনজীর আহমেদ, বিপিএম (বার)
ইন্সপেক্টর জেনারেল, বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা

১১.০৭.২০২০
তারিখ

সংযোজনী-১

শব্দ সংক্ষেপ

| | | |
|---|---|---|
| APA | : | Annual Performance Agreement |
| PTC | : | Police Training Center |
| PHQ | : | Police Headquarters |
| TOT | : | Training of Trainers |
| ASI | : | Assistant Sub-Inspector |
| SI | : | Sub-Inspector |
| SP | : | Superintendent of Police |
| E-FILE | : | Electronic File |
| CDR | : | Call Detail Record |
| CDMS | : | Crime Data Management System |
| ORP | : | Organizational Resource Planning |

সংযোজনী-২

## কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

| ক্র: নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ট্রেইনি রিক্রুট কনস্টবলদের মৌলিক প্রশিক্ষণের আয়োজন | প্রশিক্ষণপ্রাপ্ত টিআরসিদের সংখ্যা | নারী টিআরসিদের জন্য ০৬ (ছয়) মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণের আয়োজন | পিটিসি, রংপুর | পিটিসি'র প্রতিবেদন | |
| ২ | কনস্টবল/ নায়েকদের প্রাথমিক তদন্ত বিষয়ক প্রশিক্ষণের আয়োজন | প্রশিক্ষণপ্রাপ্ত কনস্টবল/ নায়েকদের সংখ্যা | নারী নায়েক ও কনস্টবলদের জন্য প্রাথমিক তদন্ত কোর্স প্রশিক্ষণের আয়োজন | পিটিসি, রংপুর | পিটিসি'র প্রতিবেদন | |
| ৩ | এএসআইদের তদন্ত বিষয়ক প্রশিক্ষণের আয়োজন | প্রশিক্ষণপ্রাপ্ত এএসআইদের সংখ্যা | নারী এএসআইদের জন্য তদন্ত কোর্স প্রশিক্ষণের আয়োজন | পিটিসি, রংপুর | পিটিসি'র প্রতিবেদন | |
| ৪ | কনস্টবল/নায়েকদের ব্যান্ডদল বিষয়ক প্রশিক্ষণের আয়োজন | প্রশিক্ষণপ্রাপ্ত কনস্টবল/ নায়েকদের সংখ্যা | নারী কনস্টবল/ নায়েকদের ব্যান্ডদল বিষয়ক কোর্স প্রশিক্ষণের আয়োজন | পিটিসি, রংপুর | পিটিসি'র প্রতিবেদন | |
| ৫ | কনস্টবল/নায়েকদের বিউগলার বিষয়ক প্রশিক্ষণের আয়োজন | প্রশিক্ষণপ্রাপ্ত কনস্টবল/ নায়েকদের সংখ্যা | নারী কনস্টবল/ নায়েকদের বিউগলার বিষয়ক কোর্স প্রশিক্ষণের আয়োজন | পিটিসি, রংপুর | পিটিসি'র প্রতিবেদন | |
| ৬ | এএসআই/ এসআইদের জুনিয়র লিডারশীপ প্রশিক্ষণের আয়োজন | প্রশিক্ষণপ্রাপ্ত এএসআই/এসআইদের সংখ্যা | নারী এএসআই/এসআইদের জুনিয়র লিডারশীপ কোর্স প্রশিক্ষণের আয়োজন | পিটিসি, রংপুর | পিটিসি'র প্রতিবেদন | |
| ৭ | পুলিশ সদস্য ও সিভিল স্টাফদের ORP Software প্রশিক্ষণের আয়োজন | পুলিশ সদস্য ও সিভিল স্টাফদের সংখ্যা | পুলিশ সদস্য ও সিভিল স্টাফদের ORP Software প্রশিক্ষণের আয়োজন | পিটিসি, রংপুর | পিটিসি'র প্রতিবেদন | |
| ৮ | নিজস্ব কর্মচারীদের জন্য প্রশিক্ষণ | অভ্যন্তরীণ কর্মচারী | পিটিসির অভ্যন্তরীণ কর্মচারীদের পেশাগত মান ও দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণের আয়োজন | পিটিসি, রংপুর | পিটিসি'র প্রতিবেদন | |
| ৯ | নতুন সম্প্রসারিত প্রশিক্ষণ মাঠে অবস্ট্যাকলস্ নির্মাণ<br>কম্পিউটার ল্যাব ভবন নির্মাণ<br>একাডেমিক ভবন নির্মাণ<br>বেবি ডে-কেয়ার সেন্টার নির্মাণ<br>বৈদ্যুতিক সাব-স্টেশন সম্প্রসারণ | উন্নয়ন কার্যক্রম | পুলিশ ট্রেনিং সেন্টার, রংপুরের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের মান উন্নয়ন ও অভ্যন্তরীণ কর্মকর্তা এবং কর্মচারীদের আবাসন ব্যবস্থা নিশ্চিতকরণ ও প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণের মান উন্নয়নের লক্ষ্যে নির্মাণ কার্যক্রম | পিটিসি, রংপুর | পিটিসি'র প্রতিবেদন | |

সংযোজনী-৩

## কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কার্যসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/ প্রত্যাশা | চাহিদা প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| রেঞ্জ ডিআইজির কার্যালয়, রংপুর | অতিথি বক্তা পরীক্ষা বোর্ডের সদস্য, প্রশিক্ষক প্রেরণ (প্রেষণে) | প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম | যথাসময়ে প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষক, পরীক্ষা বোর্ডের সদস্য প্রেরণ | যথাসময়ে প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষক, পরীক্ষা বোর্ডের সদস্য প্রেরণ করবে | প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হবে |
| মেট্রোপলিটন পুলিশ, রংপুর | অতিথি বক্তা পরীক্ষা বোর্ডের সদস্য, প্রশিক্ষক প্রেরণ (প্রেষণে) | প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম | যথাসময়ে প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষক, পরীক্ষা বোর্ডের সদস্য প্রেরণ | যথাসময়ে প্রশিক্ষণার্থীদের জন্য প্রশিক্ষক, পরীক্ষা বোর্ডের সদস্য প্রেরণ করবে | প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হবে |
| বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর | অতিথি বক্তা প্রেরণ | প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম | যথাসময়ে অতিথি শিক্ষক প্রেরণ | যথাসময়ে অতিথি শিক্ষক প্রেরণ করবে | প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হবে |
| রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল | চিকিৎসা সেবা | প্রশিক্ষণার্থী ও স্টাফ | পিটিসির চাহিদা মোতাবেক রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা সেবা সুষ্ঠুভাবে সম্পাদন করবে | প্রশিক্ষণার্থী ও স্টাফদের সুষ্ঠুভাবে চিকিৎসা সেবা নিশ্চিত করবে | পিটিসির প্রশিক্ষণার্থী ও স্টাফদের স্বাস্থ্য এবং চিকিৎসা সেবা ব্যাহত হবে |
| সিটি কর্পোরেশন, রংপুর | পরিস্কার পরিচ্ছন্নতা সেবা | পিটিসির অভ্যন্তরীণ পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম | পিটিসির চাহিদা মোতাবেক দৈনিক পরিস্কার পরিচ্ছন্নতা সেবা নিশ্চিতকরণ | পিটিসির চাহিদা মোতাবেক দৈনিক পরিস্কার পরিচ্ছন্নতা সেবা নিশ্চিত করবে | পিটিসির কার্যক্রম ব্যহত হবে |
| গণপূর্ত বিভাগ, রংপুর | অবকাঠামোগত উন্নয়ন প্রাতিষ্ঠানিক নির্মাণ | প্রস্তাবিত প্রকল্প অনুমোদন | যথাসময়ে প্রস্তাবিত প্রকল্প প্রক্রিয়াকরণ ও অনুমোদন | প্রস্তাবিত প্রকল্পসমূহ অনুমোদনের বিষয়টি গণপূর্ত বিভাগ ও মন্ত্রণালয়ের উপর নির্ভরশীল | যথা সময়ে প্রকল্প অনুমোদিত না হলে অবকাঠামো উন্নয়ন ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা ব্যাহত হবে |
| জেলা পরিষদ, রংপুর | অবকাঠামো উন্নয়ন | উন্নয়ন কার্যক্রম | নির্মাণ, মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং তৎসংশ্লিষ্ট সেবা নিশ্চিতকরণ | পিটিসির চাহিদা মোতাবেক, প্রকৌশল বিভাগ অবকাঠামোগত উন্নয়ন করবে | পিটিসির উন্নয়ন কার্যক্রম ব্যাহত হবে |
| পিবিআই, রংপুর | অতিথি বক্তা প্রেরণ | প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম | যথাসময়ে অতিথি শিক্ষক প্রেরণ | পিবিআই, রংপুর যথাসময়ে অতিথি শিক্ষক প্রেরণ করবে | প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হবে |
| সিআইডি, রংপুর | অতিথি বক্তা প্রেরণ | প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ কার্যক্রম | যথাসময়ে অতিথি শিক্ষক প্রেরণ | সিআইডি, রংপুর যথাসময়ে অতিথি শিক্ষক প্রেরণ করবে | প্রশিক্ষণ কার্যক্রম ব্যাহত হবে |
| সিভিল সার্জন কার্যালয়, রংপুর | চিকিৎসা সেবা | প্রশিক্ষণার্থী ও স্টাফ | পিটিসির চাহিদা মোতাবেক জেলা সদর হাসপাতালে চিকিৎসা সেবা সুষ্ঠুভাবে সম্পাদন করবে | পিটিসির এমআই শাখা প্রয়োজনীয় চিকিৎসা সেবার জন্য জেলা সদর হাসপাতাল, রংপুরে প্রেরণ করবে | পিটিসির প্রশিক্ষণার্থী ও স্টাফদের স্বাস্থ্য এবং চিকিৎসা সেবা ব্যাহত হবে |
| বিদ্যুৎ বিতরণ বিভাগ-২, রংপুর | বিদ্যুৎ সেবা | উন্নয়ন কার্যক্রম | পিটিসির চাহিদা মোতাবেক বিদ্যুৎ সেবা নিশ্চিতকরণ | পিটিসির চাহিদা মোতাবেক নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ বিতরণ বিভাগ-২ বিদ্যুৎ সেবা নিশ্চিত করবে | পিটিসির কার্যক্রম সঠিকভাবে সম্পাদনে বিঘ্ন ঘটবে |
| ফায়ার সার্ভিস, রংপুর | অগ্নিনির্বাপন সেবা | দূর্ঘটনা ব্যবস্থাপনা | পিটিসির চাহিদা মোতাবেক অগ্নিনির্বাপন সেবা নিশ্চিতকরণ | পিটিসির চাহিদা মোতাবেক অগ্নিনির্বাপন সেবা নিশ্চিত করবে | পিটিসির কার্যক্রম ব্যহত হবে |
| বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রংপুর | বেতন বিলসহ অন্যান্য আনুষাঙ্গিক বিল | প্রশিক্ষণার্থী ও স্টাফ | পিটিসির চাহিদা মোতাবেক আর্থিক সেবা নিশ্চিতকরণ | পিটিসির চাহিদা মোতাবেক বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক আর্থিক সেবা নিশ্চিত করবে | পিটিসির কার্যক্রম ব্যহত হবে |
| ডাক বিভাগ, রংপুর | পত্র আদান-প্রদান | প্রশিক্ষণার্থী ও স্টাফ | পিটিসির চাহিদা মোতাবেক পত্র আদান প্রদান সেবা নিশ্চিতকরণ | পিটিসির চাহিদা মোতাবেক ডাকঘর, কাচারী বাজার, রংপুর পত্র আদান প্রদান নিশ্চিত করবে | পিটিসির কার্যক্রম ব্যাহত হবে |